দৈনিক ইত্তেফাক

তারিখ 21 FEB 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩

20

# শিক্ষকদের সহিত সমঝোতার চেষ্টা।। আজ আবার বৈঠক

ইত্তেফাক রিপোর্ট ।। গত ৮ই ফেব্রুয়ারী প্রথম দফা আলোচনা ব্যর্থ হওয়ার পর ধর্মঘটী বেসরকারী শিক্ষকদের সঙ্গে সরকারের গত বুধ ও গতকাল বৃহস্পতিবার দুই দফা আলোচনা হইয়াছে। আজ আবার আলোচনা হইবে। সরকার পক্ষ ও শিক্ষক নেতৃবৃন্দ উভয়েই আশাবাদ ব্যক্ত করিয়াছেন আজ যেকোন ফয়সালা হওয়ার সম্ভাবনা রহিয়াছে।

কেন্দ্রীয় সংগ্রাম লিয়াজোঁ কমিটির নেতৃবৃন্দের সঙ্গে অপরাহ্ন ৩টা হইতে ৫টা পর্যন্ত প্রতিমন্ত্রীর আলোচনার পর নেতৃবৃন্দকে বসা-

( ১১শ পৃঃ ৭-এর কঃ দ্রঃ )

## শিক্ষকদের সহিত

( ১ম পৃঃ পর )

ইয়া রাখিয়া তিনি প্রধানমন্ত্রীর কাছে যান। রাত প্রায় পৌনে ৯টায় ফিরিয়া আসিয়া আজ শুক্রবার আবার বৈঠকের প্রস্তাব দিলে গতকালের মত আলোচনা শেষ হইয়া যায়।

কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি এইদিকে ঘোষিত সকল কর্মসূচ পুর্ণমাত্রায় চালাইয়া যাওয়ার জন্য আহ্বান জানাইয়াছে। কর্মসূচীর মধ্যে রহিয়াছে আজ ২১শে ফেব্রুয়ারী প্রতি জেলা, উপজেলা ও ঢাকা মহানগরীতে শহীদমিনারে পুষ্পস্তবক অর্পণ, ২২শে ফেব্রুয়ারী সন্ধ্যায় মশাল মিছিল এবং আগামী ২৪শে ফেব্রুয়ারী সকাল ১০টায় ঢাকায় জাতীয় প্রেসক্লাবের সম্মুখে শিক্ষক মহাসমাবেশ। ঢাকা মহানগরীর সকল শিক্ষককে আজ (শুক্রবার) সকাল সাড়ে ৮টায় টিএসসিতে, আগামীকাল (শনিবার) বিকাল ৫টায় প্রেস ক্লাবের সম্মুখে জমায়েত হইতে বলা হইয়াছে।

শিক্ষা প্রতিমন্ত্রী প্রিন্সিপাল ইউনুস খানের সংগে রাত সাড়ে ১০টায় যোগাযোগ করা হইলে তিনি জানান, শিক্ষকদের দাবী-দাওয়ার একটি সম্মানজনক সমাধানের ব্যাপারে সরকার প্রচেষ্টা চালাইতেছে। তিনি বলেন, শিক্ষকদের সঙ্গে সরকারের কোন ব্যবধান নাই, সমস্যা হইতেছে অর্থনৈতিক সীমাবদ্ধতা। মন্ত্রী জানান, আজ অপরাহ্ন তিনটায় শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজো কমিটি এবং বিকাল ৪টায় শিক্ষক সমিতি ঐক্যফ্রন্ট নেতৃবৃন্দের সংগে পৃথক পৃথক আলোচনা করিয়া আবার সবাইকে লইয়া একত্রে বসিয়া চূড়ান্ত ফয়সালার চেষ্টা করা হইবে।

ধর্মঘটী বেসরকারী শিক্ষকদের কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজো কমিটির সঙ্গে গত ১৯শে ফেব্রুয়ারী শিল্পপ্রতিমন্ত্রী, প্রিন্সিপাল ইউনুস খানের আলোচনা ভাঙ্গিয়া যাওয়ার পর গতকাল আবার বৈঠক বসে। শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার গতকাল সকালে তাহার অফিসে শিক্ষক সমিতি ঐক্যফ্রন্ট নেতৃবৃন্দের সঙ্গে কথা বলেন। কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটির নেতৃবৃন্দের সংঙ্গে কথা বলেন শিক্ষা প্রতিমন্ত্রী প্রিন্সিপাল ইউনুস খান। লিয়াজো কমিটির সংগে প্রতিমন্ত্রী অপরাহ্ন ৩টা হইতে শুরু করিয়া বিকাল ৫টা পর্যন্ত আলোচনা করেন।

বৈঠক সূত্রে জানা গিয়াছে, লিয়াজো কমিটি নেতৃবৃন্দ সর্বশেষ নূতন বেতন স্কেলে মূল বেতনের শতকরা ৭০ ভাগ সরকারী বেনিফিট মানিয়া নিতে রাজী হইয়াছে। অপরদিকে সরকার পক্ষ শতকরা ৬০ ভাগের বেশী দিতে রাজী হইতেছে না। শতকরা ৫ ভাগ নিয়া দর কষাকষি হইতেছে। উল্লেখ্য যে, বেসরকারী শিক্ষকরা বর্তমানে পুরাতন বেতন স্কেলে মূল বেতনের শতকরা ৭০ ভাগ করিয়া সরকারী বেনিফিট পাইতেছেন। শিক্ষকদের কথা হইতেছে আগে যাহা পাইয়াছি নূতন স্কেলে উহা অপেক্ষা কম মানিয়া নেওয়া যায় না। আর সরকার পক্ষ বলিতেছে নূতন স্কেল এবং পুরাতন স্কেলের মধ্যে পার্থক্য অনেক। তাই নূতন স্কেলে ৬৫ ভাগ পাইলেও শিক্ষকদের অনেক লাভ হইবে। এইদিকে নূতন স্কেলের বকেয়া লইয়াও মতপার্থক্য রহিয়াছে। শিক্ষক নেতৃবৃন্দ অন্ততঃ জানুয়ারী আর ফেব্রুয়ারী '৯২ এই দুই মাসের বকেয়া চাহিতেছেন। আর সরকার পক্ষ রাজী হইতেছে না।